



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬



স্মারক নং-৩৮.০১.০০০০.১৪১.১১.০৫৯.২১-৭৫৭

তারিখ: ৩২ শ্রাবণ ১৪২৯
২৭ জুলাই ২০২২

বিষয়: প্রধান শিক্ষকগণের চাকুরি স্থায়ীকরণে মাঠ পর্যায় হতে প্রাপ্ত কাগজপত্রের সমস্যাসমূহ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে প্রধান শিক্ষকগণের চাকুরি স্থায়ীকরণে মাঠ পর্যায় হতে প্রাপ্ত কাগজপত্রের ঘাটতি ও অসঙ্গতি থাকায় চাকুরি যথাসময়ে স্থায়ীকরণ করা সম্ভব হয় না। ফলে প্রধান শিক্ষকদের চাকুরি স্থায়ীকরণে বিলম্ব ও সময় ক্ষেপন হচ্ছে। প্রধান শিক্ষকগণের চাকুরি স্থায়ীকরণে মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্য ও কাগজপত্রে নিম্নলিখিত সমস্যা পাওয়া যাচ্ছে, যা নিম্নরূপ:-

১. প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রেরিত নির্ধারিত ছকে তথ্য না পাঠানো
২. সঠিক যোগদানের তারিখ উল্লেখ না থাকা
৩. ১ম যোগদানের ক্ষেত্রে উপজেলা শিক্ষা অফিসে যোগদানের তারিখের পরিবর্তে বিদ্যালয়ের যোগদানের তারিখ উল্লেখ করা
৪. প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতাসহ সি-ইন-এড/ডিপিএড/বিএড পাশ সংক্রান্ত সনদ না থাকা
৫. বিভাগীয় মামলা সংক্রান্ত প্রত্যয়ন না থাকা
৬. চাকুরিতে ১ম যোগদান ও প্রধান শিক্ষক হিসেবে পদোন্নতি/বিভাগীয় প্রার্থী হিসেবে প্রধান শিক্ষক পদে যোগদানের সঠিক তারিখ উল্লেখ না থাকা
৭. এসিআর প্রদানকারী কর্মকর্তা ও প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার সার্বিক মন্তব্য অংশ ফাঁকা থাকা
৮. সার্ভিস বুক্রে প্রধান শিক্ষক পদে যোগদান সংশ্লিষ্ট পাতার কপি না থাকা।


জাতীয়করণকৃত প্রধান শিক্ষকগণের ক্ষেত্রে অতিরিক্ত অসঙ্গতিসমূহ:

৯. প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জাতীয়করণের অফিস আদেশ না থাকা
১০. বিদ্যালয়ের নামের গেজেটের কপি না থাকা
১১. সার্ভিস বুক্রে ১ম যোগদান ও জাতীয়করণের তারিখ উল্লেখ সংশ্লিষ্ট পাতার কপি না থাকা।

০২। উভয় প্রকার শিক্ষকদের ক্ষেত্রে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রেরিত নির্ধারিত ছকে তথ্য এবং এ সংক্রান্ত প্রমাণক যাচাই-বাছাই করে সুপারিশসহকারে প্রেরণ আবশ্যিক।

০৩। বর্ণিতাবস্থায়, উপরে উল্লিখিত বিষয়সমূহ আবশ্যিকভাবে যাচাই-বাছাই করে কাগজপত্র অত্র দপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
----- (সকল)


(শামীম আরা বেগম)

সহকারী পরিচালক (পলিসি ও অপারেশন)



অনুলিপিঃ

- ১। বিভাগীয় উপপরিচালক (সকল)
- ২। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)
- ৩। সংরক্ষণ নথি।